

# ■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৮৭১

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১৩. প্রথম অনুচ্ছেদ - রুকু'

بَابُ الرُّكُوْع

### আরবী

وَعَنْ عَائِشَةَ رَضِيَ اللَّهُ عَنْهَا قَالَتْ: كَانَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يُكْثِرُ أَنْ يَقُولَ فِي رُكُوعِهِ وَسُجُودِهِ: «سُبْحَانَكَ اللَّهُمَّ رَبَّنَا وَبِحَمْدِكَ اللَّهُمَّ اغْفِرْ لِي» يَتَأُوَّلُ الْقُرْآن

#### বাংলা

৮৭১-[8] 'আয়িশাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, নবী সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম কুরআনের উপর 'আমল করে নিজের রুকৃ' ও সাজদায় এই দু'আ বেশি বেশি পাঠ করতেনঃ ''সুবহা-নাকা আল্লা-হুম্মা রব্বানা- ওয়াবিহামদিকা, আল্লা-হুমাগ ফিরলী''- (অর্থাৎ- হে আল্লাহ! তুমি পৃত-পবিত্র। তুমি আমাদের রব। আমি তোমার গুণগান করছি। হে আল্লাহ! তুমি আমার গুনাহ মাফ করে দাও)। (বুখারী ও মুসলিম)[1]

## ফটনোট

[1] সহীহ : বুখারী ৮১৭, মুসলিম ৪৮৪, আবৃ দাউদ ৮৭৭, নাসায়ী ১১২২, সহীহ ইবনু হিব্বান ১৯২৮।

#### ব্যাখ্যা

ব্যাখ্যা: এ দু'আটি সূরাহ্ আন্ নাসর নাযিল হওয়ার পর রুকু' এবং সাজদায় খুব বেশি বলতেন। সালাতের সময় রসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম এ দু'আ চয়ন করার কারণ অন্য সকল সময়ের চেয়ে এ সময়টি বেশি উত্তম এবং আল্লাহর আদেশ বাস্তবায়নে পরিপূর্ণ একাগ্রতা আসে।

আবার কেউ কেউ বলেন, সালাতের বাইরেও এ দু'আটি পড়তেন দলীল স্বরূপ মুসলিমের হাদীসটি পেশ করে থাকেন। যেখানে বর্ণিত হয়েছে তিনি এ দু'আটি সালাতের ভিতরে এবং বাইরেও পড়তেন।

হাদীসটি প্রমাণ করে রুকূ'তে তাসবীহ বৈধ এবং সাজদাতে দু'আ; যা আগত হাদীসটি প্রমাণ করে। যেখানে বলা হয়েছে, তোমরা রুকূ'তে আল্লাহর শ্রেষ্ঠত্ব ঘোষণা করবে আর সাজদায় বিনয়ের সাথে দু'আ করবে।



এর বিপরীত হবে না কারণ রুকু'তে দু'আ নিষেধ করে না যেমনি তেমনি সিজদা (সিজদা/সেজদা) ও আল্লাহর শ্রেষ্ঠত্ব নিষেধ করে না এজন্য আল্লাহর শ্রেষ্ঠত্ব দু'আ বিপরীত না।

ইবনু দাকীক বলেছেনঃ অগ্রাধিকার ভিত্তিতে হাদীসটি দু'আ বৈধ প্রমাণ করে।

আবার এটা সম্ভাবনা আছেঃ সাজদায় বেশি বেশি দু'আ করা আর রুকূ'তে (اَللَّهُمُّ اغْفِرْلِيْ) বলা খুব বেশি না, সুতরাং সংঘর্ষ থাকে না, মোদ্দা কথা সাজদার তুলনায় রুকূ'তে দু'আ করার বিষয়টি অতি নগণ্য।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন